যায়যায়দিন

তারিখ 2 7 MAR 2008
পৃষ্ঠা ১৮ কলাম ৩

জাহাঙ্গীরনগর ইউনিভার্সিটি

# গভীর রাতে ছাত্রদল ছাত্রলীগের পাল্টাপাল্টি হল দখল

জাবি প্রতিনিধি

জাহাঙ্গীরনগর ইউনিভার্সিটিতে মঙ্গলবার শেষ রাতে ছাত্রদল ও ছাত্রলীগ পাল্টা-পাল্টি হামলা চালিয়ে দুটি হল দখল করে নিয়েছে। এ সময় আহত হয় পাঁচজন। এ ঘটনাকে কেন্দ্র করে ক্যাম্পাসে গতকাল বিরাজ করছিল থমথমে পরিস্থিতি। উদ্ভূত পরিস্থিতিতে প্রশাসন জরুরি মিটিং করেছে। গত জানুয়ারিতে ছাত্রলীগ-ছাত্রদল সংঘর্ষের পর থেকে ছাত্রলীগের একটি বড় অংশ ক্যাম্পাসের বাইরে রয়েছে। গত কয়েকদিন থেকে তারা ক্যাম্পাসে ফিরছে এ ধরনের খবরে দুই পক্ষের বিরোধ আবার মাথাচাড়া দিয়ে ওঠে। এ বিরোধের জের ধরে মঙ্গলবার রাত ৩টায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের ছাত্রদল নেতাকর্মীরা আল বেরুণী হলে হামলা করে। এতে ওই হলের ছাত্রলীগের ইমন ও তারেক গুরুতর আহত হয়। তাদের হাত ও পা ভেঙে গেছে বলে জানা গেছে।

অন্যদিকে একই সময় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল ছাত্রলীগের একটি গ্রুপ কামাল উদ্দিন হলে ছাত্রদলের ওপর হামলা চালায়। এ সময় ছাত্রদলের পরাগ, আরাফাত ও শুভ আহত হয়। ভোর ৪টা পর্যন্ত উভয় হলে তাণ্ডব চালিয়ে হল দুটি দখল করে নেয় দল দুটি। শেষ রাতে এ ধরনের হামলায় আতঙ্কিত শিক্ষার্থীরা হল জুড়ে ছোটাছুটি শুরু করে। হল দুটির সামনে পুলিশ মোতায়েন রয়েছে। আহতরা বর্তমানে সাভারের বিভিন্ন ক্লিনিকে চিকিৎসাধীন।

এদিকে গতকাল দুপুরে এক জরুরি মিটিংয়ে অস্থায়ী ভিসি প্রফেসর মোহাম্মদ মুনিরুজ্জামান পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে সব হল প্রভোস্ট ও প্রক্টরিয়াল বডির সাহায্য কামনা করেন। অ্যাসিস্টান্ট প্রক্টর ও ভাসানী হলের প্রভোস্ট মাফরুহী সাত্তার জানান, এ ধরনের ঘটনা যাতে আর না ঘটে সে ব্যাপারে মিটিংয়ে আলোচনা হয়েছে।